



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৩৯.০৩৯.২০১৫-৭২২

তারিখ: ০৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুল হাই আকন্দ-কে সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১৩/০৪/২০২১ তারিখের ৪৬.০৪৫.০২৭.০৮.৩৯.০৩৯.২০১৫-২৪৫ নম্বর স্মারকে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত আদেশের বিরুদ্ধে তিনি মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন (রিট পিটিশন নং- ৪৯৬৯/২০২১) দায়ের করেন। পরবর্তীতে বিগত ৩১/০৮/২০২২ তারিখের রায় দ্বারা মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত আদেশটি বেআইনি ও অকার্যকর ঘোষিত হয়। এছাড়া বিভাগীয় কমিশনারের তদন্তে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি। সে প্রেক্ষিতে সাময়িকভাবে বরখাস্তকৃত মুক্তাগাছা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুল হাই আকন্দ তাকে পুনর্বহাল করার জন্য আবেদন করেন;

বিষয়টি বিবেচনায় নিয়ে সরকার জনস্বার্থে তাকে উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে পুনর্বহালের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তার তদন্তে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় এবং বিজ্ঞ আদালতের আদেশের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুল হাই আকন্দ-কে সাময়িক বরখাস্ত সংক্রান্ত ১৩/০৪/২০২১ তারিখের ৪৬.০৪৫.০২৭.০৮.৩৯.০৩৯.২০১৫-২৪৫ নম্বর প্রজ্ঞাপনটি বাতিল করা হলো এবং তাকে মুক্তাগাছা উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে পুনর্বহাল করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


১৯/১০/২২
(মোহাম্মদ সামছুল হক)

উপসচিব

ফোন: ৯৫৭৭২৩০


e-mail: lgd.upazila2@gmail.com

স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৩৯.০৩৯.২০১৫-৭২২(১৪)/১

তারিখ: ০৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ১২। ভাইস চেয়ারম্যান (সাধারণ/সংরক্ষিত), উপজেলা পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ১৩। জনাব মো: আব্দুল হাই আকন্দ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ১৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


১৯/১০/২২
(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব